

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
৩২, বিচারপতি এস.এম.মোর্শেদ সরণী,
আগারগাঁও, শেরেবাংলা নগর ঢাকা-১২০৭।

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরে ২৯-১১-২০১৮ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন কমিটির ৫ম সভার
কার্যবিবরণী।

সভাপতি

মোঃ সুজায়েত উল্যা

পরিচালক

সভার তারিখ

২৯-১১-২০১৮ খ্রি:

সভার সময়

সকাল ১১:০০ টা

স্থান

জাতীয় গ্রন্থাগার পরিচালকের কক্ষ

উপস্থিতি

১। জনাব মোঃ জামাল উদ্দিন, চীফ বিব./ উপপরিচালক, চলতি দায়িত্ব, আরকাইভস ও গ্রন্থাগার
অধিদপ্তর, ঢাকা - সদস্য ২। জনাব মোঃ ইলিয়াছ মিয়া, গবেষণা কর্মকর্তা, আরকাইভস ও
গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা - সদস্য ৩। জনাব মুহাম্মদ মুসলিম উদ্দিন,
বিবলিওগ্রাফার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা। - সদস্য ৪। জনাব মোঃ
হারিছ সরকার, প্রোগ্রামার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা - সদস্য সচিব

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং আলোচ্য বিষয়ের উপর আলোচনা শুরু করার জন্য সদস্য সচিবকে অনুরোধ জানান। ইনোভেশন টিমের সদস্যসচিব জনাব মোঃ হারিছ সরকার আলোচ্যসূচির প্রারম্ভে বলেন যে, নতুন গঠিত ইনোভেশন কমিটির প্রথম সভায় সকলকে স্বাগত জানিয়ে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন।

আলোচ্যসূচি-০১ (আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর এর বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ বাস্তবায়ন)

সভায় সভাপতি মোঃ সুজায়েত উল্যা উপস্থিত সকলকে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ বাস্তবায়ন বিষয়ে সকল সদস্যকে আন্তরিকভাবে কাজ করার জন্য অনুরোধ জানান। কমিটির সদস্য জনাব মোঃ জামাল উদ্দিন, চীফ বিব./ উপপরিচালক (চলতি দায়িত্ব) বলেন যে, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের অফিসার গ্রুপ ভাইবার মেসেঞ্জার এ সংযুক্ত আছে। পরবর্তী সভার নোটিশ ই-নথিতে দেয়ার সাথে সাথে ভাইবার মেসেঞ্জারে প্রদান করা যেতে পারে। এ বিষয়ে কমিটির সকল সদস্য একমত পোষণ করেন। সভাপতি ইনোভেশন সম্পর্কিত সকল তথ্য ওয়েবসাইটে প্রদানের জন্য প্রোগ্রামারকে অনুরোধ জানান। জনাব মোঃ ইলিয়াছ মিয়া, গবেষণা কর্মকর্তা জানান যে ইনোভেশন আইডিয়া বক্স-এ স্টিকার লাগিয়ে আগামী সভায় তা উপস্থাপন করা যেতে পারে। এ বিষয়ে কমিটির সকল সদস্য একমত পোষণ করেন। জনাব মুহাম্মদ মুসলিম উদ্দিন, বিবলিওগ্রাফার জানান যে, সেবা সহজীকরণের আওতায় সকল গ্রন্থপঞ্জি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। এ বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।

আলোচ্যসূচি-২ (বিবিধ)

বিবিধ আলোচনায় সকল সদস্য ইনোভেশন সম্পর্কিত প্রশিক্ষণ আয়োজন বিষয়ে একমত পোষণ করেন।

আলোচনা পর্যালোচনার প্রেক্ষিতে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হলো:-

- ১। ইনোভেশন সংক্রান্ত সকল পত্র ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।
- ২। Viber মেসেঞ্জার এ ইনোভেশন কমিটির সভার নোটিশ প্রদান করতে হবে।।
- ৩। জানুয়ারি-২০১৯ এর শেষ সপ্তাহে ইনোভেশন সম্পর্কিত Orientation কর্মশালার আয়োজন করতে হবে।
- ৪। ফেব্রুয়ারি-২০১৯ এর মধ্যে ইনোভেশন সম্পর্কিত ০২ (দুই) দিনের প্রশিক্ষণের আয়োজন করতে হবে।
- ৫। এপ্রিল-২০১৯ এর মধ্যে ইনোভেশন সম্পর্কিত ০৫ (পাঁচ) দিনের প্রশিক্ষণের আয়োজন করতে হবে।
- ৬। উদ্ভাবকগণের বিদেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ /নলেজ শেয়ারিং প্রোগ্রাম সম্পর্কিত সম্ভাব্য প্রস্তাব আগামী সভায় বিস্তারিত উপস্থাপন করতে হবে।
- ৭। জনাব মোঃ হারিছ সরকার, প্রোগ্রামার ইনোভেশন আইডিয়া আহ্বান চিঠি তৈরি করবেন এবং এবং জনাব মুহাম্মদ মুসলিম উদ্দিন, বিবলিওগ্রাফার ইনোভেশন আইডিয়া বক্স সম্পর্কে কার্যক্রম গ্রহণ করবেন।
- ৮। সেবা সহজীর্ণের আওতায় গ্রন্থপঞ্জি স্ক্যান ও পিডিএফ করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ সুজায়েত উল্যা
পরিচালক

স্মারক নম্বর: ৪৩.২৫.০০০০.০০৭.৩৩.০০১.১৮.৩১

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪২৫

০৩ ডিসেম্বর ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ২) উপপরিচালক (আরকাইভস) (চলতি দায়িত্ব), উপপরিচালক (আরকাইভস) এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৩) চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক (চলতি দায়িত্ব), চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৪) মাইক্রোফিল্ম অফিসার, মাইক্রোফিল্ম (সংরক্ষণ) অফিসারের দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৫) গবেষণা কর্মকর্তা, গবেষণা শাখা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৬) বিবলিওগ্রাফার, বিবলিওগ্রাফি (প্রকাশনা ও রেফারেন্স) , আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৭) বিবলিওগ্রাফার, বিবলিওগ্রাফি (সংকলন) , আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৮) সহকারী গ্রন্থাগার পরিচালক, সহকারী গ্রন্থাগার পরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৯) জুনিয়র মাইক্রোফিল্মিং এন্ড ফটোস্ট্যাটিং অফিসার, বাঁধাই ও মেরামত শাখা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ১০) সহকারী পরিচালক, সহকারী পরিচালক (সংগ্রহ ও উন্নয়ন) এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর



মোঃ হারিছ সরকার
প্রোগ্রামার